ক্লিওপেট্র।।

[কাব্য i]

শ্ৰীনবীনচন্দ্ৰ দেন প্ৰণীত।



কলিকাতা, ১৭, ভবানীচরণ দত্তের লেন, রাম যন্ত্রে

শ্রীবাবুরাম সরকার বারা মুক্তিত, এবং শ্রীবানেশকজ বল্যোপাধার কর্তৃত ক্যাসিং লাইডেরিতে প্রকাশিত।

সৰ>২৮৪ সাল।

উৎসর্গ।

Mes lette

পিতৃব্য-তনয় শ্রীযুক্ত বাবু অধিলচক্ত সেন, এম্, এ, বি, এল্।

नाना,

আমার ঘটনাপূর্ণ কুজ জীবনের হুইটা শোকাবহ অক'
আপনার অরুজিম ছেছে এবং ল্রান্নবিলা বিভাসিত।
একটা অব বছনদিন হইল অভিনীত হুইয়া গিয়াছে; দিতীরটির
অভিনয় এখনও শেষ হয় নাই। অদৃষ্ঠ অরুকার; নির্মান
মুনোরের অস্তাঘাতে সরল কোমল হৃদয় কত বিক্ষত হুইভেছে। এই ঘোরতর অরুকারে একটা মাত্র অপার্থিব
আলোক সমান ভাবে জলিভিছে, সেই আলোকটা আপনার
স্কেহ। আজি আভ্তল-বক্ষ হুইয়া গলদক্র-ধারায় সেই
আলোকের পূলা করিয়া এই কুজ কবিতা উপহার প্রদান
করিলাম; গ্রহণ করিলে ক্র্মী হুইব। আপনি "ক্লিওপেট্রাক্রে"
অন্তরের সহিত ভাল বাসেন। আক্রেম ভূপও অম্লান
এই বিশাসে ক্লিওপেট্রা আপনার করে অপি ত হুইল।

কলিকাতা। ১না ভাজ, সন১২৮৪ সাল।

আপনার স্লেহের নবীন।

একটি-কথা।

সংসার যাহাকে পাপ বলে, ক্লিওপেট্রার জীবন সেই পাপে পরিপূণ। অতএব ক্লিওপেট্রাকে সাহিত্য সমাজে উপস্থিত করিলাম বলিয়া আমি বঙ্গদেশীয় সম্প্রদায় বিশেষের কাছে হয় ত তীর কটাক্ষ ভাজন হইব। তবে জানিয়া শুনিয়া এরূপ কবিতা কেন লিখিলাম ? বলিতেছি।

ষভাবের বিচিত্রতা পরিপূর্ণ মাতৃ-ভূমিতে অবজান কালে এক দিন অপরাহে একটি সমূদ্র-সৈকতে বসিয়া ক্লিপ্রেণ্ট্রা জীবনের একথানি জুল আথায়িকা পড়িতেছিলাম। পাঠ সমাপন করিয়া মন্তক ভূলিয়া সন্ধালোকে একটী চমৎকার দৃশ্য দেখিলাম। সন্মুথে তরঙ্গায়িত অনন্ত সমূদ্র; দূরে সলিলাকাশের সন্মিলন-রেথার মধ্যস্থলে স্থানের সলিল-শ্যাম শোভা পাইতেছেন। সেই "জ্বা কুস্থম সংকাশ" মূর্ত্তি বেটিয়া নীলোজল উর্মিমালা নৃত্য করিতেছে। তিনি সেই নৃত্য দেখিতে দেখিতে আনন্দে জলধি-হদমে বিলীন হইলেন। তথন পট পরিবর্ত্তন হইয়া যেন আর একটী মনোহর দৃশ্য প্রদর্শিত হইল। সান্ধ্য নীলিমায় জলধিব ক্ল আছের হইল; সেই নীলিমা অঙ্গে মাথিয়া তরঙ্গমালা নাচিতে লাগিল। দেখিলাম একটী কুদ্র তুপ সেই অসীম স্মুত্ত-গর্ভে, নমেই অসংখ্যা তরঙ্গায়তে, সেই অপ্রতিহত স্থোভ প্রভাবে, ভারিশ্বা

বাইতেছে; কুল পাইতে পারিতেছেনা। ভাবিলাম এই সংসারও সমূদ্র বিশেষ। ইহারও তরঙ্গ আছে, স্রোত আছে। ইহাও সময়ে বাইর এইরপ সান্ধ্যতিমিরে আছের হইরা থাকে। আমরা ইহাতে ওই তৃণের মত ভাসিয়া বেড়াইতেছি। যদি তরঙ্গ এবং স্রোতের প্রতিকৃলে যাইতে পারিতেছে না বলিয়া ওই তৃণের কোন পাপ না হয়, তবে মাস্থ্য অবস্থার তরঙ্গ, ঘটনার স্রোত ঠেলিয়া উঠিতে পারে না বলিয়া কেন পাপী হইবে? অভাগিনী ক্লিওপেট্রা সংসারের ঘোরতর কাটকায়, ভাহার বিশালতম তরঙ্গে ভাসিয়া গিয়াছিল বলিয়া কেনই বা পাপিনী হইল ?

যাহাকে পাপী বলিয়া যুণা করি তাহার অবস্থায় পড়িয়া কয় জন পৃথিবীতে পুণাবান বলিয়া পরিচিত হইতে পারি ? ভবে সেই অবস্থা হইতে দ্রে থাকা স্বতন্ত্র কথা—দেই অবস্থার ইচ্ছালুসারে পতিত হওলা স্বতন্ত্র কথা। কিন্তু যাহা-দিগকে জনিবার্যা এবং জনীব্দিত ঘটনা প্রোতে সেই অবস্থা-পত্র করে আমি তাহাদের কথা,—এই অভাগিনী ক্লিওপেটার কথা—বলিতেছি। ক্লিওপেটার পিতা পাপিঠ, জ্যেষ্ঠ সহোদরা পতি-হত্তা, ক্লিওপেটার ভর্তা শিশু কনিষ্ঠ আতা; শিক্ষাদাতা ছ্রাচার ক্লীব মনী। ক্লিওপেটার প্রবশ্ব-প্রার্থী—দিগুজরী পৃথীপতি সিলার এবং একটন। একপ অবস্থায় পতিত হইয়া এতালুশ প্রশ্বমীকে প্রত্যাধ্যান করিয়াছে বদি একন রম্পী দেখাইতে পার, তিনি দেবী; ক্লিওপেটার প্রেম্

পুরোহিতের মন্ত্রে পবিত্রীক্ষত <u>হইয়াছিল না</u> ব্লিক্স যদি ভাহাকে দ্বণা করিতে হয়, করিও, কিন্ত ক্লিওপেট্রা অবস্থার দাসী বলিয়া দ্যা করিও, ক্লিওপেট্রা অভাগিনী বলিয়া দ্বংব করিও।

সমুদ্র তটে সেই সন্ধালোকে ক্লিওপেটার জীবনের আখ্যাবিকা পাঠ করিবা তাহার প্রতি আমার আভারিক সহামূভূতি
হইয়াছিল। আমি তাহার রূপে মোহিত, প্রেমে দ্রবিত,
তাহার অসাধারণ মানসিক শক্তিতে চম্কৃত, এবং তাহার হতভাগো হংথিত হইরাছিলাম। ভাবিষা দেখিলাম ভারতীয়
সাহিত্য ভাগুরে এরূপ একটা রত্ন নাই। নাই বলিয়াই, সেই
সমুদ্র তটে বসিয়া এই কবিতাটি লিখিতে আরম্ভ করিয়াছিলাম,
এবং সেই দ্বীপে অবস্থান কালেই ইহা সমাপ্ত হইরাছিল।

ক্লিওপেট্।।

বিধির অনন্ত লীলা !—অনন্ত স্জন! এক দিকে দেখ, উচ্চ ভীমাদ্রি-শিথর. ভেদিয়া জীমূত-রাজ্য আছে দাঁড়াইয়া,— প্রকৃতি-গৌরব-ধ্বজা, অচল, অটল; অন্য দিকে দেখ নীল ফেণিল সাগর, ব্যাপিয়া অনন্ত রাজ্য !— সতত চঞ্চল, অচিন্ত্য জীবনে যেন সদা সঞ্চালিত, সদা বিলোড়িত, সদা কম্পিত, গর্জিত। উপরে অসীম নভঃ নক্ষত্র-মালায় প্রজ্বলিত—কে বলিবে কত কাল হ'তে ? কে বলিবে কত কাল প্রজ্বলিত রবে ? नीटि नील नीत-ताबा - अनल, अनीम ; কত কাল হ'তে তাহে ভাসিতেই হায়!-অসংখ্য পৃথিবী-খণ্ড কে বলিতে পারে গ কে বলিবে কত কাল ভানিবে এ রূপে ?

মধ্যে এক খণ্ড বারি!—এক তীরে তার পুণ্য ভূমি ইউরোপ জুড়ায় নয়ন, রঞ্জিত স্বভাবে, শিল্পে—চারু অলঙ্কতা! অন্য তীরে প্রকৃতির প্রকাণ্ড শ্মশান, যক্ত ভূমে ভয়ঙ্কুতা "আফুিকা" ভী**ষণ**•! বিধির অনন্ত লালা! কে বলিবে হায়! এই ছুই রাজ্য এক শিল্পীর স্জন! লঙ্কিতা প্রকৃতি বুঝি তাই রোষ-ভরে, হতভাগ্য "আফ্রিকায়" করিতে মগন অনন্ত জলধি-জলে, তুই মহা শাখা করিলা প্রেরণ ছই সূচী-রন্ধ্র পথে— উত্তরে "ভূমধ্য,"—পূর্কে "রক্তিম-দাগর" ষ্ণঃখিনী আফুকা ভয়ে পড়িল কাঁদিয়া ''এসিয়া''-চরণ-তলে ; ভারত-গভিণী দিলেন অভয়, রাখি ক্ষকের উপরে চরণ কমিষ্ঠাঙ্গুলি; অশক্ত বারীশ যদে টলাইতে তারে ! সেই দিন হ'তে, পুণ্যবভী "এসিরার" শুভ পরশনে, मक-ज्ञि-मरशा मृत्रज्ञिकात गर्ज, ুসোণার মিশর রাজ্য ছইল হজন।

🕆 মিশুর অপূর্ব্ব স্থান্তী ! দৃশ্য মনোহর ! বিশাল অরণ্য যার তুর্লজ্যা প্রাচীর; আপনি দাগর গড়; প্রহরীর প্রায় • আছে দাঁড়াইয়া, জগত-বিশ্বয় ''টলেমির'' চির-কীর্ত্তি-স্তম্ভ(১) সারি সারি। অদুরে আলোক-স্তম্ভ(২) - আকাশ-প্রদীপ! জলিতেছে নীলাকাশে নক্ষত্রের মত,— নিশান্ধ নাবিকগণ-নয়ন-রঞ্জন ! শিল্পীর গর্ব ভাবি প্রকৃতি মানিনী, আগে দিলা "নীল" নদী(৩) নীল মণি-হার,-. তরল আভায় পর্ণ। ভুবন-বিজয়া ''মেকিডন''-অধিপতি গ্রন্থি-স্থলে তার, বিশ-খ্যাত রাজধানা করিলা স্থাপন। (8)

⁽১) Pyramid of Egypt, মিশর দেশের "পিরামিড" স্তস্ত।

⁽२) Iright-house of Sesostris, সেস্ট্রিস্ ঘীপের বাত্তি-ঘর।

⁽৩) River Nile, নীল নদী— আফুকা দেশের নাইল কিছা নীল নদী।

⁽৪) Alexandria, মেকিডন-অধিপতি বিধ্যাত এলেক-কাণ্ডার-কর্তৃক সংস্থাপিত রাজধানী।

রাজধানী-রাজ-হর্ম্ম্যে বসিয়া নিরবে, বিরস বদনে আজি টলেমি-ছহিতা ক্লিওপেটা; সরি! চিত্র বিশ্ববিমোহিনী! ধরা-ব্যাপী ''রোম'' রাজ্যে, যে রূপের তরে ষটিল বিপ্লব ঘোর; যে রূপ-শিথায় বিশ্বজয়ী বীরগণ,—যাহাদের হায়! বীরপণা ইতিহাদে রয়েছে লিখিত অমর অক্ষরে! করে, অস্ত্রে যাহাদের সমগ্র পৃথিবী-ভার ছিল সমর্পিত !— সিজার, এণ্টনি,—এই নামযুগলের সসাগরা বস্তন্ধরা ছিল সমতুল !--হেন বীরগণ, যেই রূপের শিখায় পুড়িয়া পতঙ্গ-প্রায় হ'লো ভন্মীভূত, কেমনে বর্ণিব আমি সে রূপ কেমন ? মিশর-বিহনে এই আফ্কা যেমন মরুভূমি, এই রূপ-বিহনে তেমন— কেবল মিশর নহে—এই বস্তব্ধরা বিস্তীর্ণ অরণ্য-সম। চিত্রিব কেমনে হেন রূপরাশি ?—রূপ অ্নুপম ভবে ! ক্রনা-অতীত রূপ, নহে চিত্রদীয় !

বিষাদ্ধ খারে এই রূপ-কহিমুর জ্বলিতেছে, ভাসিতেছে স্থথতারা-সম বিষাদ-আকাশ-গায়ে যুগল-নয়ন।, তুই বিন্দু — তুই বিন্দু বারি, — মুক্তানিভ ! — আছে দাঁড়াইয়া চুই নয়ন-কোণায়; নড়ে না, ঝরে না,—আহা! নাহি চাহে যেন তাজি সেই অনঙ্গের আনন্দ-আসন, পড়িতে ভূতলে ; হেন স্বৰ্গ-ভ্ৰফ হ'তে কে চাহে কখন ? যেই নয়নের জ্যোতিঃ কামান-অভেদা বক্ষে করিয়া প্রবেশ, উচ্ছাদিয়া হৃদয়ের বিলাদ-লহরী, ভাসাইল তাহে রোম-হেন রাজ্য-লিপ্সা,-সদাগরা পৃথিবীর রাজ-দিংহাদন। আজি সেই নেত্র আহা। সজল এমন। विषान-लश्ती, शूर्ग-वनन-ठिख्या, রত্ব-রাজাদন পৃষ্ঠে ফেলেছে ঠেলিয়া; অপমানে কেশরাশি বিলম্বিয়া কায়. আসনের পৃষ্ঠ বাহি পড়িয়া ধরায়, বিদারি ভূতন চাহে পশিতে তথায়;— ''রোমেশ''-ছাদয় যার অতুল আধার,

স্বর্ণ সিংহাসন তার তুচ্ছ অতিশর 🔈 রক্ষিত যুগল কর, বক্ষে রমণীর— হায়! ষেই রমণীর কর-সঞ্চালনে বারগণ-ছদয়ও হইত চঞ্চল, প্রণয়-তাড়িত-ক্ষেপে ;—ইঙ্গিতে যাহার চলিত পুতল-প্রায় ধরার ঈশ্বর,— আজি সেই কর জাহা! অবশ, অচল! পাষাণ হৃদয়োপরে, পাষাণের প্রায় বয়েছে পড়িরা; বুঝি হৃদয়-পিঞ্জর ভাঙ্গি রমণীর প্রাণ চাহে পলাইতে, সেই হেছু হায়! এই যুগল পাষাণ, **द्वार्था है । शिक्षा भिर्म हम्मान्य ।** দৃষ্টিহীন সকোচিত যুগল নয়ন,— অপলক, অচঞ্চল! চাহি উৰ্দ্ধ পানে; कृषः द्रिशामिङ इहे कम्ला म्हल, रुरेग्राटकु **८४न नीलग्रिश मिह्दल्य**ः মরি ! কি বিষাদ মূর্তি ! 💛 🦠

রম্মুথে বামার, রভন-থচিত খেত প্রস্তরের মঞ্চে,

শোভিছে আহার্য্যচয়; বহু-মূল্য পাত্রে

শোভিছে মিশর-জাত সুরু! নিরমল। উপরে জ্বলিছে দীপ বিল্যিত ঝাড়ে; বিমল স্ফটিক-দীপ শাখায় শাখায় ' জ্বলিতেছে, চারু চিত্র-থচিত দেয়ালে। অনন্ত-আনন্দময়ী, আমোদ-রূপিনী ক্লিওপেটা হুন্দরীর, এই দেই কক্ষ মনোহর!—অনঙ্গের চির-বাদ। রতি অধিষ্ঠাত্রী দেবী !—বেই কক্ষ-আনন্দের ধ্বনি, অতিক্রমি সিন্ধু, প্রবেশিয়া রোমে "দেনেট''-মন্দিরে(৫) হ'তো প্রতিধ্বনিময়[†]! গণিত রোমেশ(৬) কেহ রোমে নিশি জাগি লহরী যাহার! দেই আনন্দ-ভবনে আজি কেন দেখি সব নীরব, অচল ! অচল আলোকরাশি; দেখায় দেয়ালে অচল মানব-চিত্র: অচলিত ভাবে পড়ে আছে যন্ত্রচয় যন্ত্রী-অনাদরে 🖟 অচল অনীল কক্ষে, অজ্ঞাত পরশে

⁽e) Senate, সেনেট—রোমের সভামন্দির ৷ 🗀 🙈

⁽৬) Augustus Casar, অগন্তাদ ্পিলার—বিনি রোম রাজ্যে পরে সম্ভাট হইয়াছিলেন।

আন্দোলিত হ'য়ে পাছে মধুর ''গিটার''(৭) বামার বিধাদ-স্বপ্ন করে অপনীত। ष्पठन वामात मृर्जि ; ष्पठन रुने स्य অচল যুগল-কর; অচল জীবন-**অোত ; চিত্রার্পিত-প্রায়, দাঁড়াই**য়া পাশে অচল স্থীর শোকে, সহচরীদ্বয়। কেবল বামার সেই অচল হৃদয়ে, সবেগে বহিতেছিল ঝটিকা তুমুল! "eলো চার্মিয়ন!"(৮) চমকিল দ্থীদ্বয় াবামার বিকৃত কণ্ঠে, হ'লো রোমাঞ্চিত ্কলেবর ; যেন এই তুমদা নিশীথে শ্মশান হইতে স্বর হইল নির্গত ! "ওলো শহচরি ! এই হাদয়-মন্দিরে অভিনেতা ছিল যেই প্রণয় তুর্লভ, অন্তহিত হ'লো যদি, তবে কেন আর ্র বিশ্বস্থ যবনিকা হইতে পতিত ? শূন্য আজি রঙ্গভূমি। যৌবন-পরশে

⁽१) Guitar, शिवास—यञ्च तिरमय।

⁽৮) Charmain, one of the two maid-attendants, জনৈক সহচরীৰ নাম।

উঠিল প্রথমে যবে প্রেম আবরণ, দেখিলাম রঙ্গভূমি-নায়ক এন্টনি। জীবন-সঙ্গীত-জ্যোতে খুলিল নাটক,— ক্লিওপেট্রা-জীবনের চারু অভিনয়।

"হুখদ প্রমথ অঙ্কে,—ওলো চারমিয়ন! আছে কি লো মনে ? অনস্ত বালুকাময়ী প্রাচী মরুভূমি—পন্থাহীন, বারিহীন; পদতলে প্রজ্বলিত বালুকা-অনল; তৃষ্ণাগ্নি হৃদয়ে; শিরে উল্কারাশি রাশি, শক্ত-শস্ত্র-বিনির্গত, হতেছে বর্ষণ ; তবু অতিক্রমি হেন হুস্তর প্রান্তর বীরভার, উড়াইয়া ইন্দ্রজালে যেন, শক্র-দৈন্যচয়, শুষ্ক পত্ররাশি যেন ভীম প্রভঞ্জনে হায়! প্রবেশিল যবে দিখিজয়ী রোম-দৈন্য মিশর নগরে ? লতা গুল্ম তরু তৃণ দলিয়া চরণে, পশে গজযুথ যথা কমল-কাননে! विकशो वीरतसः-वृत्रश्-नगतः-श्रादश नित्रथिएं, वरमहिन्यू व्यक्तित्म विश्वारम्, চিত্ত কৌতৃহলময়। পদতলে মম

প্লাবিয়া প্রশস্ত পথ, সৈন্যের প্রবাহ প্রবাহিত; দেখিলাম,—আর নাহি স্থি! ফিরিল নয়ন মম; ভূবিল মানস সেই প্রবাহ-ভিত্তরে। (৯)

ষোড়শ বধীয়া

সেই বালিকা-হৃদয়ে, অজ্ঞাতে, কি ভাব প্রবেশিল, অভিনব ; হেন ভাব স্থি! কি পূর্বের, কি পরে, শৈশবে, যৌবনে, আরত কখন করি নাই অনুভব। সেই যে প্রথম আহা! সেই হ'লো শেষ! চিত্ত-মুশ্বকরী ভাব। চিত্ত-উন্মাদিনী। বালিকার অরক্ষিত হৃদয় মোহিল। কোথায় ব্লোমীয় সৈনা, কোথার মিশর, কোথায় তথন বিশ্ব-গগন-ভূতল ? অদৃশ্য হুইল **শ**ব নয়নে আমার। কেবল একটা মৃর্তি,—বীরত্ব যাহার बिन नदल्ला, पर्या, माकित्गात नत्न,—

⁽৯) বখন মিশরের পূর্বারণ্য অতিক্রম করিয়া প্রথম বার **এ**न्छेनि द्याम-दन्नात व्यक्तिमात्रक इटेसा मिनदे अदिन करतन 🍇 ও খন তিনি ক্লিও্পেট্রার নরন-প্রের পথিক হইরাছিলেন।

আতপ মিশিয়া যেন চন্দ্ৰিকা শীতলে !— ভাসমান ছিল, খেত প্ৰশস্ত ললাটে; প্রজ্বলিত নেত্রন্বয়ে: চির বিরাজিত •উন্নত প্রশস্ত বক্ষে: ক্ষরিত প্রত্যেক वीत-- পদ-मक्षालान ,-- एक मूर्खि मिथ ! লুকাইয়া অনুপম বীরত্বে তাহার, দৈন্যের প্রবাহ—যথা মহীরুহচয়, লুকায় চন্দ্রমাচল(১০) আপন গহারে !— ভাগিল नग्रत्न सम, व्याभिशा ऋष्य, ব্যাপিয়া অনন্ত বিশ্ব, ভূতল, গগণ। সেই মূর্ত্তি, সখি, মম বীরেশ এণ্টনি ! চঞ্চলয়া বালিকার অচল হাদয় প্রথম প্রণয়াবেশে—স্বরগ, ভূতলে !— সেই মূর্ত্তি, প্রিয় স্থি ! হইল অন্তর স্তদুর স্থন্দর রোমে, কিছু দিন-তরে। স্থির জলধির জল করিয়া চঞ্চল, **শ্বিতীয়ার চন্দ্র সথি! গেল অস্তাচলে!** ''খুলিল দ্বিতীয় আৰু। জনক আমার-পিড়ানন্দা, দেবগণ। ক্ষমিও আমারে।-

⁽১٠) Mountain of the moon, আফ্কা দেশের হস্ত পর্বত।

অন্তর্গারী টলেমির বংশে বংশী-ধর(১১)
কুলাঙ্গার! বিসর্জিয়া স্বাধীন মিশরে
রোম-রূপী শার্দ্ধ লের বিশাল কবলে;
পতিহন্তা, পাপীয়সী, জ্যেষ্ঠ ছহিতার
তপ্ত শোণিতাক্ত, ভ্রম্ট সিংহাসনে স্থথে
আরোহিয়া,—বিধাতার কেমন বিধান!
পতিহন্তা ছহিতার কন্যা-হন্তা পিতা!
অবশেষে, হায়! ছঃখ বলিব কেমনে!
দশম বর্ষীয় শিশু কনিষ্ঠে আমার,
করি আমি মুবতীর পতিত্বে বরণ;—

⁽১১) ক্লিওপেট্রার পিতা টলেনি বংশীবাদন ইত্যাদি লঘু
আমোদে মত্ত হইয়। প্রজার বিরাগ-ভাজন হওয়াতে তাহারা
তাহাকে সিংহাসন-চ্যুত করিয়া তাঁহার জােষ্ঠা কন্যাকে মিশরের
রাজ্ঞী করে। টলেনি রোমের সাহায্যে তাহার কন্যাকে পরাক্লিত করিয়া সিংহাসন পুনংপ্রাপ্ত হন—এই সনয়ে এন্টনি
রোমান সৈত্যের এক জন শাধ্যক্ষ হইয়া আইসেন। টলেনি
তাহার জােষ্ঠা কন্যাকে বধ করেন—এই পাণীয়সীও ভাহার
প্রথম সামীকে ইতিপূর্কে বধ করিয়াছিল। টলেনি মৃত্যাসময়ে মিশর দেশের রীতি-মতে উইলছায়া ক্লিওপেট্রাকে ভাহার
একটী ১০ম বর্ষায় লাভার সক্ষে পরিশয়্লনক এবং এক জন ক্লীর
ক্রিছারকে তাহাদের অভিভাবক্ষ করিয়া যান।

দেই থানে ক্লিওপেট্র জীবন-উদ্যানে,
যেই বীজ, প্রির সথি! হইল রোপণ,
দে অঙ্গুরে কি পাদপ জন্মিল স্বজনি!
কি ভীষণ কল পুনঃ ফলিবেক আজি!
বিধি জ্যেষ্ঠ ছহিতায়; বিধিতে আমায়,
দেই দিন মৃত্যু-অন্ত করিয়া স্তজন;
ভূবায়ে মিশরে; আহা! ভূবিয়ে আপনি;
ভূবায়ে ''উলেমি''-বংশ; জনক আমার
সম্বরিলা নরলীলা, নব দম্পতীরে
সমর্পিয়া ভ্রাচার ক্লীব মন্ত্রী-করে,
ছুধ্বের প্রহাী করি পাপিষ্ঠ মার্জারে।

"না হ'তে পিতার শেষ নিশাস নির্গত, সিংহাসন হ'তে পাপী—ফেলিল আমার প্রবারণ্যে। ছা অদৃষ্ট ! রাজার উদ্যানে ফুটেছিল যে কুস্থম, পড়িল নিদাঘে মরু ভূমে।—সে যে হুঃখ কহা নাহি যায়! কিন্তু নারী-প্রতিহিংদা, প্রচণ্ড, অনল, শীতলিল মার্ত্তিরে মধ্যাহ্ন-কিরণ। সহসা মিলিল সৈন্য। সেনাপত্নী আমি সাজিমু সমর-সাজে। ক্ররীর স্থলে

বাঁধিলাম শিরস্তাণ, উরস্তাণ উচ্চ কুচযুগোপরে। যেই কর কমনীয় কুম্ম-দামের ভারে হইত ব্যথিত, লইলাম সেই করে তীক্ষ তরবার: পশিলাম এই বেশে মিশর-ভিতরে. ক্লীব-রক্তে নীল নদী করিতে লোহিত. কিন্তা বীরাঙ্গণা-রক্তে রঞ্জিতে মিশরে। হেন কালে রোম-রাজ্য বিপ্লাবি, বিলোড়ি, ভীষণ তরঙ্গদ্বয় (১২) সিন্ধু অতিক্রমি, পড়িল জীয়ত-মন্ত্রে মিশরের তীরে: কাঁপিল মিশর সেই ভীষণ আঘাতে। রণোশ্বত অসিম্বর (১৩) পড়িল থসিয়া। এক ঊর্দ্মি হ'লো লয় সমুদ্র-দৈকতে, দ্বিতীয় উঠিল শূন্য দিংহাসনোপরে!

⁽১২) কার্শেলিয়ার যুদ্ধের পর পশ্পি সিজারের দ্বারা পশ্চাদ্ধাবিত হইয়া মিশরে উপস্থিত হইলে, মিশরবাসীরা সমুদ্র-তীরে
তাহার শিরচ্ছেদ করিয়া সিজারকে উপটোকন দের; সিজার
মিশরের আস্তরিক বিগ্রহ-নিবন্ধন শুন্য সিংহাসন অধিকার
করিয়া বসেন।

⁽১৩) ক্লিওপেট্রার এক অসি, এবং ভাহার শব্দ পক্ষের ছিতীয় অসি ৷

"সিজার মিশরে!—দূরে গেল রণ-সজ্জা!
নব "ফার্শেলিয়া," "পিম্পি," বিজয়ী সিজার,
মিশরের সিংহাসনে! খুলিলাম স্থি!
বণবেশ, দীনাবেশে রোমেশ-চরণে
পড়িলাম,—সে কুহক আছে কি হে মনে? (১৪)
ঝটিকায় ছিন্নমূল ব্রত্তী যেমতি,
বন্দে মহীরুহ, হায়! নিরাশ্রয়া লতা!

"দে ঐন্ত্রজালিক, সথি! কর-সঞ্চালনে
নিবারি তুমুল ঝড়, রক্ষিল আমারে,
আলিঙ্গিয়া স্নেহ-ভরে। প্রিয় সথি! হায়!
জীবনে প্রথম এই,—এই মরু তুমে—
ক্রেহ-স্থশীতল বারি হ'লো বরিষণ।
নিষ্ঠুর জনক যার; নিষ্ঠুরা ভগিনী;
শিশু সহোদর ভর্তা; মন্ত্রী নরাধম;
দে কিদে জানিবে স্থি! স্নেহ যে কি ধন?
প্রাইল আশা, যুড়াইল প্রাণ; স্থি!——

⁽১৪) ক্লিওপেট্রার জনৈক অমৃত্র তাঁহাকে বসনরাশিতে বেষ্টিত করিয়া সিজারের নিমিত্ত উপঢৌকন বলিয়া তাঁহাকে ভপ্তভাবে সিজারের সমীপে লইয়া বায়।

ৰদিলাম সিংহাদনে। বদিলাম ?—ভীম ভূকস্পনে, কিম্বা অগ্নি-গিরি-উদ্গীরণে, টলিতে লাগিল মম নব সিংহাদন। দেখিলাম অন্ধকার, ঘুরিল মস্তক, পভিতে ছিলাম স্থি! মূচ্ছিত হুইয়া অকুল সাগরে। কি যে বীরপণা, সথি! करल, ऋरल, कि अनरल क**तिल वीर**तन, স্বচকে দেখেছ তুমি। শুনেছ এবণে। দেখিলাম মূর্জ্ভিঙ্গে মেলিরা নর্মন, ভাসিয়াছে শিশু ভৰ্ত্তা শত্ৰদল-সহ, অনস্ত-জীবন-জলে; বসিয়াছি আমি মিশরের সিংহাসনে,—বলিব কেমনে সেই লজ্জা १—সিজারের হৃদয়-আসনে ! কৃতজ্ঞতা-রসে, স্থি, ভরিল হৃদয়। ধন, প্রাণ, সিংহাসন, প্রণয়-দাভায়, করিবাম, সহচরি, আজু সমর্পণ। কিন্তু সেই কুতজ্ঞতা—জান সমুদয়— সেই কৃতজ্ঞতা শেষে কোথা হ'লো লয়! একে প্রাণদাতা, তাতে পৃথিবী-ঈশর, ততোধিক ভুজবলে ভুবন-বিজয়ী,

এত প্রলোভন !—সথি ! পড়িলাম আনি, অজগর-আকর্ষণে, সরলা হরিণী।

"হেন কালে চারি দিকে সমর-অনল জ্বলিল; সিজার এই মিশরে বসিয়া দেখিল অনল-শিখা। বৈশ্বানর রূপে বাঁপ দিল স্থি! সেই বহির ভিতরে। নিবাইল কটাক্ষেতে শোণিত-প্রবাহে দে অনল! বাহুবলে আপনি সমুদ্র রহিয়াছে বন্দী যার রাজ্যের ভিতরে, এই ক্ষুদ্র অগ্নিশিখা কি করিবে তারে? বিজয়-পতাকা তুলি ; ভাম সিংহনাদে কাঁপায়ে ভূধর-শ্রেণী স্বদূর উত্তরে ; पुरारत जनिश्च अनृत मिक्ति। क्षांत्य त्शीतव- हो। निश् निश्चरतः ; চালিয়া আনন্দ-স্রোত অজ্জ ধারায় রাজ পথে; প্রবেশিল বীর অহস্কারে, দীখিজয়ী বারবর রোম-রাজধানী। সতী সহধর্মিণীর স্বপ্র উপেক্ষিয়া চলিল সেনেট-গৃহে,—হায়! জাল-মুখে প্রলোভনে মুগ্ধ ক্ষিপ্ত কেশরী যেমতি;

শুখার্ত!—'তোমরা কেহেংতোমরা ছজনং(১৫) বিষয় গম্ভীর মুখে ? চৌষ্টি রৌরব যেন ভাবিতেছ মনে

কণ্টক-স্বরূপ কেন সিজারের পথে, আছ দাঁড়াইয়া 🕈 জান না সিজার আজি হইবে ভূপতি ? সরে যাও'।—বীরবর সেনেট-মন্দিরে প্রবেশি বসিল স্বর্ণ চারু সিংহাসনে। 'বিশ্বজ্যী মহারাজা দিজারের জয়!' আনন্দে ধ্বনিল শত সহস্ৰ জিহ্বায়। আনন্দে রোমান-বাদ্য করিল সঞ্চার নর-রক্তে সেই ধ্বনি, পূরিল গগন সেই ভয় জয় রবে; নামিতে লাগিল রোম-ইতিহাসে এই প্রথম মুকুট (১৬) সিজারের শিরোপরে, এণ্টনির করে।

⁽১৫) ফ্রট**স্ এবং কেশি**রাস্।

⁽১৬) রোম-রাজ্যে ইভি পুর্বের রাজতন্ত্র শাসন ছিল না, কভরা রাজাও কেছ ছিল না। সিজারই প্রথম রাজ-উপাধি গ্রহণ করিতে উদ্যোগ করেন; এই কারণে কতিপন্ন মড়েযন্ত্রী ভারাকে অভিষেকের দিবল বধ করেন। ইহাদের মধ্যে ক্রটস্ এবং কেশিয়াস্ প্রধান ছিলেন।

ফুরাল;—কি ় দিজারের রাজ্য-অভিষেক কেন আনন্দের ধ্বনি থামিল হটাৎ? নিরবিল যন্ত্রীদল
 কেন অকস্মাৎ এই হাহাকার ? সথি দেথিকু সম্মুখে; কি দেখিকু ? ইহ জন্মে ভুলিব না আর। ভূপতিত, হা অদৃষ্ট। বীরেন্দ্র দিজার। কোথায় মুকুট সথি! বক্ষে তরবার!" क के किन तमगीत कम करनवत ; বিক্ষারিল নেত্ররয়; সহিল না আর অবলা-হৃদয়, মুরুলি হইল রমণী : হুগন্ধ তুষার-বারি, নয়নে, বদনে, তুষার উরস শ্বেতে, সহচরীদ্বর বর্ষিল; কিছুক্ষণ পরে রূপদীর অচল হৃদয়-যন্ত্র, জীবন-প্রন-স্পর্শে চলিল আবার; খুলিল নয়ন,— প্রভাতে দক্ষিণানীল কোমল পরশে, উন্মিলিল যেন ধীরে কমলের দল। অৰ্দ্ধ-উন্মিলিত নেত্ৰ, এক দৃষ্টে চাহি क्टक विलिधिमें अक हांक हिख-शात्न, বলিতে লাগিল বামা—''ওই, সহচরি!

ওই যে দেখিছ চিত্র, – নিদর্গ-দর্পণ !— অপূর্ব্ব অঙ্কিত। ওই দেখ ওই, 'চিদনদ'-স্রোতে ওই প্রমোদ-তরণী, (১৭) ভাসিতেছে, নাচিতেছে, বারিবিহারিণী। হাদিতেছে, জুলিতেছে পশ্চিম-তপনে, প্রতিবিশ্বে ঝলসিয়া তরল সলিল। ময়ুর ময়ুরী প্রেমে মুথে মুখ দিয়া, বঙ্কিম গ্রীবায় ভাদে তরী-পুরোভাগে ; চন্দক কলাপরাশি - নয়ন-রঞ্জন !--চারু চন্দ্রতিপ রূপে শোভিছে পশ্চাতে। তাহার ছায়ায় বদি কর্ণিকা রূপদী; নাচে স্বৰ্ণ বৰ্ণ, বন্ধ কুস্থম-মালায় কুম্বম কোমল করে। বসন্ত রঙ্গের নাচিতেছে স্থবাসিত স্থন্দর কেতন, সৌরভে-যোহিত-মৃত্র অনিল-চুম্বনে। তরণীর মধ্যদেশে, স্থবর্ণ-থচিত চন্দ্রতিপ-তলে, স্বর্ণ-কমল আসনে. বারুণী-রূপিণী, ওই তরণী-ঈশ্বরী:--

⁽১৭) চিদনস নামক নদ—এপিছা-মাইনরে, এন্টনিং আজ্ঞা মতে ক্লিওপেটা তাঁহার সঙ্গে 'টারসাথে' এই রূপ এং ভবনী আরোহণ করিয়া সাক্ষাং করিতে যাইতেছিলেন।

আপনার রূপে যেন আপনি বিভার । তুই পাশে স্থকুমার কিন্ধর-নিচয় দাঁড়ায়ে মশ্বথবৈশে, সম্মিত বদন, ব্যজনিছে ধীরে ধীরে বিচিত্র বাজনে। কিন্তু সে অনীলে কই যুড়াবে বামায়, বরং হইতেছিল কোমল পরশে, কাম লালদায় উষ্ণ কপোল যুগল! সম্মুখে অঙ্গনাগণ, অনঙ্গ-মোহিনী, কোমল মদনোনাদ সঙ্গীত তরল বর্বিতেছে নানা যত্ত্রে; তালে তালে তার পড়িছে রজত দাঁড় রজত সলিলে; তরণী স্থন্দরী, ভুজ-মূণালেতে যেন, षानित्रिष्ट (थ्रयाञ्चाप नम 'हिमनाम!' সে স্বৰ-পরশে নাচি স্রোত হিল্লোলিয়া, প্রেম-মুগ্ধ ছুটিতেছে তরণী পশ্চাতে। নাচিছে তরণী ;—মরি! সেই নৃত্যু, সেই সলিলের ক্রীড়া, স্থি ! দেখ চিত্রকর চিত্ৰিয়াছে কি কৌশলে! নাচিতে নাচিতে চুম্মিয়া সরিৎ-বক্ষ, কহি কাণে কাণে অস্ফুট প্রণয়-কথা তর তর স্বরে,

চলেছে রঙ্গিণী ওই, মৃতুল মৃতুল সৌরভে করিয়া, মরি ! ইন্দ্রিয় অবশ ! नगत, मजीव नीर्घ-मर्गक-भालाय, সাজায়েছে ছুই তীর। উচ্চ সিংহাসনে অদূরে নগরে বদি একাকী এণ্টনি, ডাকিছে অস্ফ্রট সিদে অপহত মন। কিন্তু দ্থি ! তৃষ্ণাতুর সহস্র নয়ন, যে রূপ-স্থধাংশু-অংশু করিতেছে পান (क ७३ त्रभी,—-मर्व्यप्तर्भक-प्रभीत १ ক্লিওপেট্রা ? আমি ? না, না, দখি! অসম্ভব! সেই যদি ক্লিওপেট্রা, আমি তবে নহি। আমি যদি ক্লিওপেট্রা, তরী-বিহারিণী ওই চিত্র, নহে সথি! আমি হুঃথিনীর। দেই মুখে হাসি-রাশি, এ মুখে বিষাদ; সে হৃদয়ে হুখ, সখি ! এ হৃদয়ে শোক। সে যে ভাসিতেছে স্থথে প্রণয়-সলিলে, আমি ভূবিয়াছি হায় ! নিরাশ-সাগরে। ্যেই মনোহর বেশ, ওই চিত্রে, সখি! শোভিতেছে মরি ! যেন শারদ-কৌমুদী বেষ্টিয়া কুস্থম-বন, আজিও সে বেশে

সজ্জিত এ বপুঃ মম; কিন্তু সহচরি !
সেই শোভা—এই শোভা—কতই অন্তর !
আজি সেই বেশ, স্বর্ণ হীরক থচিত,
নিবিড় তমিত্র যেন সমাধি বেষ্টিয়া !
সে দিন প্রেমের শুক্ল-দ্বিতীয়া আমার,
আজি হায়! নিরাশার কৃষ্ণা চতুর্দ্দশী !"

নীরবিল ধীরে বামা; মধুর বাঁশরী গাইয়া বিযাদ-তান, নীরবে যেমতি। স্থির নেত্রে কিছুক্ষণ চাহি শূন্য-পানে, বলিতে লাগিল পুনঃ ইন্দীবরাননা;— "চলিল তরণী বেগে, চলিলাম অামি ভেটিতে এণ্টনি; স্থি! করিতে অর্পণ বালিকার চিত্ত-চোরে, যুবতী-যৌবন। যত অগ্রসর তরী হ'তেছিল বেগে. ততই হইতেছিল মান্স আমার मक्किड, -- निर्वातिणी-मूर्य यथा नम 'চিদন্দ'। হায়! স্থি, ভাবিতেছিলাম কি আছে অদৃষ্টে মম,—প্রেম-দিংহাসন, কিম্বা রোম-কারাগার! দেখিতে দেখিতে শঙ্কুচিত আশা-স্রোত প্রণয়-নির্ঝরে

পাইলাম, কিন্তু সখি! সেই সন্মিলনে উথলিল যেই ঢল প্রেম-প্রস্রবণে— क्रमग्र-क्षाविनी। स्मिटे मिलल-ध्यवाद्य ভেদে গেল মম কুল, শীল, লজ্জা, ভয় ; ভেসে গেল সেই বেগে ভূত, ভবিষ্যত, বর্ত্তমান উভয়ের; ইইল চঞ্চল বেগে, রোম, মিশরের রাজ-সিংহাসন; ভেদে গেল সেই জ্রোতে সপত্নী 'শিল্ভিয়া'।(১৮) ভাসিয়া ভাসিয়া সেই প্রণয়-প্লাবনে আদিলাম মিশরেতে, প্লাবন-প্রবাহ স্থি ! মিশিল সাগরে । স্বজনি ! তথন সকলি অনন্ত। হায়, অনন্ত প্রেমের অনন্ত লহরী-লীলা! অনন্ত আমোদ বিরাজিত নিরস্তর অধরে, নয়নে ! অনন্ত, অতৃপ্ত স্থ যুগল-হৃদয়ে! ভাবিলাম মনে,—প্রেম, স্থুৰ, রাজ্য, ধন, প্রেমিক-জীবন, হার ! অনন্ত সকল ! যে কাম-সরসী, স্থি া করিমু নির্মাণ,

⁽১৮) এক্টনির প্রথমা পথী।

যত পান করি, বাড়ে প্রণয়-পিপাসা;— অনন্ত পিপাসাতুর নায়ক আমার! ঢালিয়া দিলাম তাহে জীবন, যৌবন •মম, ঝাঁপ দিল রাজহংস উন্মতের প্রায়,— মদন বিহ্বল! সেই সরোবরে কভু মুণালিনা আমি, স্থা মধুকর; আমি ম্রালিনী, স্থা ম্রাল স্থন্র। কখন মৃণাল আমি অদৃশ্য সলিলে, मथ। भन्भ**छ** कड़ी ; मनित्नत তल কভু আমি মীনেশ্বরী, স্থা মীনপতি;— অধিপতি ক্লিওপেটা কাম-সর্মীর! এই রূপে, এই স্থথে, গেল দিন, গেল মাদ, চলিল বৎসর, বিজলি-ঝলকে,— অনঙ্গ-বিলাসে, স্থরা, সঙ্গীত-বিহ্বল !

"এক দিন নিজ কক্ষে বসিয়াছি আমি,

মালাল্সে! স্লথ দেহ, নিশি-জাগরণে,

া পড়িয়া আছে কোমল 'ছোফায়'।

কখন পড়িতেছিমু; কভু অন্য মনে

গাইতে ছিলাম গীত গুণ গুণ স্বরে,—
প্রেমময়,—নব রাগে, নব অনুরাগ্নে,—

নির্থি অসাবধানে শারিত শ্রীর, প্রতিকুল দেয়ালের দীর্ঘ আরসীতে। শিথিল হৃদয় যন্ত্রে, কভু চারমিয়ন্! মধুরে বাজিতে ছিল আনন্দ-সঙ্গীত; আবার অজ্ঞাতে স্থি। না জানি কেমনে বিষাদ ভাঙ্গিতেছিল দে লয় মধুর। কখন হাসিতেছিমু, না জানি কারণ; আবার অজ্ঞাতে অশ্রু নয়নে কখন হটাৎ আসিতেছিল, না জানি কেমনে। একটা মানব-ছায়া এমন সময়ে, পতিত হইল স্থি! কক্ষ-গালিচায়; পলকে ফিরাতে নেত্র দেখিলাম চক্ষে প্রাণেশ আমার! কিন্তু সেই মূর্ত্তি! নেই মূর্ত্তি, অন্য দিন কক্ষে প্রবেশিতে মম, বিকাশিত প্রেমানন্দ, ললাটে, নয়নে; হাসি রূপে সমুজ্জল করিত অধরে; নিঃদারিত সম্ভাষিতে,—'কই গো কোথার প্রাচীনা নীলজ(১৯) চারু ফণিনী আমার • সেই মূর্ত্তি আজি দেখি গাস্ভার্য্য-আধার,

⁽১৯) নীলধ------ দীলনদীজাত।

কাঁপিল হৃদয় মম।— 'ক্লি গ্ৰাপট্ৰা। এই তঃসময় ঘেরিতেতে জলধর রূপে. চারি দিগে এ-টনির অদু-তী-আকাশ। •যদি এ সময়ে, নাহি উড়াই তাহারে. হইবে অসাধ্য পরে। রোম হ'তে আজি কুদ্রাদ; আন্তরিক বিগ্রহ কুপাণে 'ইতালি' কণ্টকাকীর্ণ। কুপাণ-জিহ্নায় প্রতিবিম্বে রবিকর নির্ভায়ে দিবদে. छे शहामि अ हिनेत विलाम जीवन। প্রেয়নি! বিদায় তবে কিছু দিন-তরে (म ও याई, कछोटक (म कुलान मकन ছিল শ্বারাশিমত, আসি শোয়াইরা। আসি ডুবাইয়া নেত্র-নিমেষে 'পশ্পির' জলযুদ্ধ-সাধ, সেই সমুদ্রের জলে ;— পিতার অন্তিম শ্যা প্রদানি পুত্রেরে (২০) দেও অনুমতি তবে। ঈর্বার অনল . জ্বলে থাকে যদি তব রমণী-হৃদয়ে, নিবাও তাহারে, শুন দ্বিতীয় সংবাদ —

⁽২০) পূর্বে বলা ছইয়াছে পশ্পির পিতা সমুদ্রতীরে মিশর !শীদের ঘারা হত হইয়াছিলেন।

মরেছে 'ফুল্ভিয়া' আমার—' মরেছে !— 'ফুল্ভিয়া'।

কি ? মরেছে 'ফুল্ভিয়া' ! 'হ্ঁ।, মরেছে ফুল্ভিয়া'। দংশেছিল এণ্টনির বিচ্ছেদ-ভূজক বেই নালে, সেই নালে 'মরেছে ফুল ভিয়া' এ সম্বাদে, চারমিয়ন্! অমৃত ঢালিল।] এই মুক্তাহার নাথ পরাইয়া গলে, বলিলেন,—'এই হারে যত মূক্তা প্রিয়ে! ইতালির রণজয় করিছে প্রচার, তত রাজ্যে সাজাইব মুকুট তোমার, কল্যাণি! অন্যথা এই তরবারি মম. বিসর্জ্জি আদিব ওই ভূমধ্য-দাগরে। প্রেয়সি ! বিদায় দেও যাইব এখন। মিশুরে থাকিবে তুমি, কিন্তু ছায়া তব যেতেছি লইয়া মম ছায়াতে মিশায়ে; বিনিময়ে চিত্ত মম যাইব রাথিয়া তব সহচর সদা',—

ধরিয়া গলায়,

উন্মত্তের প্রায় স্থি ! কত কাঁদিলাম. কত বলিলাম—'নাথ! নাহি চাহি আমি রাজ্যধন ; মুহুর্ত্তের ভালবাদা তব, শত শত রাজ্যে কিম্বা সমস্ত ধরায়, नाहि পाবে क्रिअलिहा। शृथिवी कि ছात । স্বৰ্গ কৃচ্ছ তার কাছে, প্রাণেশ তোমার প্রণয়-রাজ্যের রাণী যেই স্থভাগিনী'। কত কাদিলাম, স্থি! কত বলিলাম, কত শুনিলাম, কিন্তু বিফল সকল! রণোশত কেশরীরে, কেমনে স্বজনি! রমণী-বীতংস বল, রাখিবে বাঁদিয়া ? ফুটিল অধরে উফ্র কোমল চুম্বন বিহ্যুতের মত,—স্থি! নাহি জানি আর'।

স্থার নিশ্বাস ছাড়ি, পুনঃ বিধুমুখী,—
হায়! সেই বিধু আজি নিবিড় জলদে
আচ্ছাদিত,—আরম্ভিল,—'পাইলাম জ্ঞান
যবে ওলো চারমিয়ন্! নাহি পাইলাম
আর হৃদয় আমার। নাহি দেখিলাম
চাহি আকাশের পানে, রবি শশী তারা।
ধরাতল মরুভূমি; নাহি তাহে আর

স্লোভার চিহ্ন মাত্র। শব্দ-বহ হায়! নিঃশব্দ আমার কাণে। কেবল, স্বজনি! দেখিলাম কি আকাশ, কিবা ধরাতল এন্টনিতে পরিপূর্ণ! স্বধু সমীরণ বহিছে এণ্টনি স্বর! দেখিতে, শুনিতে, কিন্তা ভাবিতে,—এণ্টনি ! ক্লিওপেট্রা কর্ণে, कर्छ, नयुरन, ऋष्रय,— अञ्चिन दक्वन ! আহার, পানীয়, নিদ্রা, শয়ন, স্বপন--এণ্টনি সকল ! সথি ! কি বলিব আর. इहेल जीवन मम অविकल उहे আফি কার মরুভূমি, প্রত্যেক বালুকা-কণা একটা এন্টনি ! দিবা, নিশি, পক্ষ, মাস, কিছুই আমার নাহি ছিল জ্ঞান। গণিতাম কাল আমি বংসরে কেবল। অনন্ত ভুজন্প-সম কাল বিষধর, দাঁড়াইয়া এক স্থানে, হ'তো হেন জ্ঞান, দংশিছে আমায় যেন অনস্ত ফণায়। প্রভাতে উঠিলে রবি, ভাবিতাম মনে, জিনিতে মিশর ওই আদিছে এণ্টনি, রণবেশে! রবি অন্তে, সায়াহে আবার

ভাবিতাম বীরশ্রেষ্ঠ চলিগেলা রোমে।
হাসি মুখে শশধর ভাসিলে গগনে,
ভাবিতাম আসিতেছে এণ্টনি আবার,
প্রণয়-পীর্সে হায়! যুড়াতে আমায়।
অস্ত গেলে নিশানাথ প্রাণনাথ গেলা
ছাড়ি ভাবিতাম মনে।

"এই রূপে স্থি :

গেল যুগ, গেল বর্য, কিন্দা মাস, দিন,
নাহি জানি। এক দিন তাপিত জনয়
যুড়াইতে জ্যোৎস্নায়, শুয়েছি নিশীথে
শ্বনেমল 'কোচ'-অঙ্কে, ছাদের উপরে।
নেই দিন দৃত মুখে, নব পরিণয়
এন্টনির, নারী-রত্ন 'অগন্তার'(২১) সনে
শুনিয়াছিলাম;—তরুভ্রন্ট হায়! যেই
বিশুক্ষ বল্লরী, কেন রে দারুণ বিধি!
হেন বজ্ঞাঘাত পুনঃ তাহার উপরে?

⁽২১) 'অগন্তা' -- এন্টনির হিতীয়া পত্নী। এন্টনি মিশর হইতে প্রভাবর্ত্তন করিবা ঘাইয়া 'অগন্তাস সিজারের' দকে বন্ধুতা ভাপন করিবার উদ্দেশে তাঁহার ভন্নী 'অগন্তাকে' বিবাহ করিয়াছিলেন।

শুয়েছি; উপরে নীল চিত্রিত আকাশ প্রদারিত, নাক্ষত্রিক চারু রঙ্গ-ভূমি ! মধ্যস্থলে শশধর হাসিয়া হাসিয়া. রূপের গৌরবে যেন চলিয়া চলিয়া করিতেছে অভিনয়। নক্ষত্র সকল নীরবে, অচল ভাবে করিছে দর্শন দেই স্থশীতল রূপ। কেহ বা আনন্দে জ্লিতেছে; অভিমানে নিবিতেছে কেহ; কেহ রূপে বিমোহিত পড়িছে খসিয়া। ছটিছে জীমৃত-রন্দ উন্মতের প্রায় আলিঙ্গিতে সেই রূপ; উথলিছে সিক্ষ; রূপে মুগ্ধ - অধিক কি-- ঘুরিছে ধরণী। এই অভিনয় স্থি। দেখিতে দেখিতে কতই নিদ্ৰিত ভাব উঠিল জাগিয়া হৃদয়ের। সময়ের তামস-গৃহবরে. এই চন্দ্রালোকে. অঙ্কে অঙ্কে দেখিলাম বিগত জীবন। কভু ভাবিলাম মনে, আমি চন্দ্র, মেঘরুন্দ বীরেন্দ্র সকল; নকত্র মানবচয়; আমি শশধর. সিন্ধু বীরের অন্তর। আবার কখন

ভাবিলাম আমি চক্র, ধরণী এণ্টনি। ভাবিতেছিলাম পুনঃ, এই চন্দ্রালোকে, নব প্রণয়িনী-পাশে, নব অন্তরাগে, · ব্যা সূত্র, রোমে প্রাণেশ আমার, ভুলেছে কি ক্লিওপেটা ? ভাবিছে কি মনে 'কোথায় নীলজ চারু ফণিনা আমার'— ন্তুদীঘ নিশাদ সহ ? কিন্তা মূর্ব প্রান্ত নবীন প্রণয়-রাজ্যে এবে এন্টনির হ্য়েছে কি অধিকৃত সমস্ত হৃদয় ? করেছে কি ক্লিওপেটা চির-নির্বাসিত 🤊 नवीन! मश्रश्ने नात्म, खत्ना हात्रियन ! ছলিয়া উঠিল তীব্ৰ ঈৰ্বার অনল রমণী-হৃদয়ে; যেন বিশুক্ষ কাননে অকন্মাৎ প্রবেশিল ভীম দাবানল। রমণীর অভিমানে রমণা-হৃদয় ভরিল। আরক্ত নেত্রে ছুটিল অনল। यिहे मानिक बुखि, ध्रागराब जरव ধরার কলঙ্ক রাশি ঠেলেছিল পায়ে, আজি অপমানে পুনঃ সেই রক্তি চয় হ'লো খড়গ-হস্ত সেই প্রণয়-ঘাতকে।

স্থ্যুপ্ত ভুজন্ব যেন, চুষ্ট প্রহারকে, বিস্তারিয়া ফণা ক্রোধে ছুটিল দংশিতে! 'কি ? মিশরের ঈশরী ! টলেমি-ছুহিতা ! ক্লিওপেটা আমি ! রূপে বিশ্ব-বিমোহিনী ! যে রূপের তেজে সেই ভূবন-বিজয়ী সিজারের তরবারি পড়িল খসিয়া! শামানা গুঞ্জিকা তার, সে রূপ-রতন এন্টনি ঠেলিল পায়ে ?' তীরের মতন বদিনু শ্যায়; কিন্তু তুর্বল শ্রীর তুরুহ যন্ত্রণা, চিন্তা সহিতে না পারি, ভুজঙ্গে দংশিত যেন, পড়িল ঢলিয়া শয্যার উপবে পুনঃ। মধুরে তখন বহিল শীতল 'নীল'-নীরজ অনিল। কোমল পরণে ধীরে হইল সঞ্চার অর্দ্ধ নিদ্রা, অর্দ্ধ মূর্চ্চা, ক্লান্ত কলেবরে। দেখিকু স্থপন, স্থি! कि যে দেখিলাম.

পোষ্মু বশন, শাব ! কি বে দোষলাম,
এখনো স্থারিতে কেশ হয় কণ্টকিত।
দেখিমু শার্দ্দ্ল এক,—ভীষণ-আকৃতি!—
নিবিড় অরণ্যে মম ধাইছে পশ্চাতে,
বিস্তারিয়া মুখ। 'তাহি ত্রাহি'—বলি আমি

চাহিত্র আকাশ-পানে। দেখিলাম সথি! অপূর্ব্ব তপন এবে উদিল গগনে উজ্জ্বালয়। দশ দিশ্। করে আকর্ষিয়া ·সেই মার্ত্ত আমারে তুলিল আকাশে, স্থি! আনি শোভিলাম শশ্বর রূপে বানে সভির। হার এমন সময়ে অক্স্মাৎ রাভ আদি গ্রাদিল তাহারে। হইর অভোরহীনা আমি অভাগিনী পড়িতেছিলাম বেগে, অৰ্দ্ধ পথে সৰি! বীর-দূর্য্য অন্য জন, হৃদয় পাতিয়া, লইল আমারে। আমি আনন্দে মাতিয়া. পরাইনু প্রেম-হার গলায় তাহার। কিন্তু কি কুক্ষণে হায়! বলিতে না পারি! সে হার-পরশে বীর হৃদয় তাহার,— ফাটিত যে উরস্তাণ রণরঙ্গে মাতি ;— হইল বিলাদে যেন নারী স্তকুমারী 🖫 ্ৰ পিধান হইতে অসি পড়িল খসিয়া. (অরাতি মস্তকে ভিন্ন, নামে নাহি যাহা,) কুস্থম শয্যায়। শেষে মাথার মুকুট, পড়িল খদিয়া ঐ ভূমধ্য-দাগরে,

অন্তগামী রবি যেন! কি বলিব আর,
যেই বক্ষে অরাতির অসংখ্যা রূপাণ
গিয়াছে ভাঙ্গিয়া,—বেন প্রচণ্ড শিলায়
ফটিকের দণ্ড, কিম্বা মন্ত গজদন্ত,
হায় রে! যেমতি চন্দ্র-পর্বত-প্রস্তরে,—
মম প্রেমহার তীক্ষ ছুরিকার মত,
সেই বক্ষে প্রিয় সখি পশিল আমূল।
তখন সে হার ধরি ভুজঙ্গের বেশ,
ছুটল পশ্চাতে মম। সভয়ে তখন,
ডাকিতেছি—'কোথা নাথ! এমন সময়ে,
কোথা নাথ!'—

'প্রিয়ে এই চরণে তোমার!'যে সঙ্গীতে এই ধ্বনি পশিল প্রবণে,
সে সঙ্গীত ক্লিগুপেটা শুনিবে না আর।
ভাঙ্গিল স্থপন স্থি ফুটিল চুন্থন,
বিশুদ্ধ অধ্যে মম। মেলিয়া নয়ন,
দেখিলাম প্রাণনাথ হৃদয়ে আমার!
অভিমানে বলিলাম,—সে 'কি নাথ, ছাড়ি
রোম রাজ্য, ছাড়ি নব প্রণয়িনী, কেন
এখানে আপনি ? কিস্বা এ আপনি নন,

এই ছায়া আপনার আদিয়াছে বুঝি,
বিরহ-আতপ-তাপে যুড়াতে আমায়।'
'নিমজ্জিত হ'ক রোম টাইবরের জলে,
নাজ্য, প্রণারিমী সহ। এই রাজ্য মম',—
বলিলা হাদয়ে ধরি হৃদয় আমার।
'প্রণারিনী ক্লিওপেট্রা; ইহ জীবনের
স্থ্য এই',—পুনঃ নাথ চুলিলা অধর;
'জীবন তোমার প্রেম, বিরহ, মরণ!'

'দূরে গেল অভিমান, রমণীর প্রেম-স্লোতে অভিমান, স্থি। বালির বন্ধন। বলিলাম, 'সত্য নাথ। এই হৃদ্যের ভূমি অধীশ্বর, কিন্তু বলিব কেমনে এই ক্ষুদ্র রাজ্য তব ? অনন্ত জলধি-জলে যেই শশধর করে ক্রীড়া, নাথ। ক্ষুদ্র সরসীর নীরে মিটিবে কেমনে ক্রীড়া-সাধ, প্রাণেশ্বর। সেই শশাঙ্কের? প্রণয়-বারিয় ভূমি। ভূমি যদি তবে রাথ সস্থালা এই সরসী ভোমার,

প্রকাশিল যদি পুনঃ, মিশরে আবার ছুটিল বিগুণ কেগে আমোদ জোয়ার। কত রাজ্য সিংহাসন, আসিল ভাসিয়া ক্লিওপেট্ৰা-পদতলে বলিব কেমনে। সমস্ত পূরব রাজ্য মিলি এক ভানে,— 'পূরব রাজ্যের রাণী, মিশর ঈশ্বরী !'— গাইল আনন্দস্বরে। সেই ধ্বনি রোমে জাগাইল স্বপ্ত দিংহ কনিষ্ঠ দিজার (২২) কুক্ষণে। কুগ্রহ স্থি। ইইল তথন ক্লিওপেটা, এণ্টনির অদুষ্টে সঞ্চার। শুনিত্ব গর্জন তার সহস্র কামানে, মিশরে বসিয়া স্থি। ছটিল হুর্যুক্ত অসংখ্য অর্ণব পোতে, গ্রাসিতে মিশরে, শতধা বিদারি ভীম ভূমধ্য-সাগর, সহোদরা-অপমান প্রতিবিধানিতে। (২৩) নির্ভয় হৃদয়ে স্থি ! সাজিল এন্টনি, হেলায় খেলিতে যেন বালকের সনে।

⁽২২) কানষ্ঠ দিজাল—অগষ্টাস্ দিজার।
(২৩) পূর্ব্বে বলা হইয়াছে এন্টনির বিতীয়া পত্নী অগষ্টাস দিজারের সম্বোদনা ছিলেন।

বলিলা আমারে নাথ! হাসিয়া হাসিয়া 'মিশরে বদিয়া প্রিয়ে! দেখ মুহুর্ত্তেকে বালকের জীড়া-সাধ আসি মিটাইয়া।' ধৈর্য্য মানিল না মনে; ভাবিলাম যদি 🗽 পাপিষ্ঠা দপত্নী আদি প্রাণেশে আমার ল'য়ে যায় এ কৌশলে। বলিলাম—'নাথ । বহুদিন-সাধ মম করিতে দর্শন অর্ব-আহব, প্রভু পূরাও দে সাধ, তুমি যদি না পুরাবে কি পূরাবে আর বীরেন্দ্র!' হাসিয়া নাথ বলিলা আমারে.--'দাজ তবে, বীরেন্দ্রাণি! বাল**কের রণে** মহারথী ক্লিওপেট্রা, সারথি এন্টনি !' আপনি প্রাণেশ, রণবেশে সাজাইলা আমায়, সজনি স্থথে! দাজাইতে, হায়! কত যে কি স্থুখ নাথ দেখিলা নয়নে, চুম্বিলা অধরে, সথি ! পরশিলা করে, বলিব কেমনে ? অঙ্কে অঙ্কে বিরাদিয়া ফ্টু নলিনীর, অলির যে স্থে, পদ্ম বুঝিবে কেমনে ? আমি আপনি স্বজনি ! বীরবেশে প্রেমাবেশে হইন্থ বিজ্ঞোর।

কুরাইলে বেশ; নাথ হাসিয়া আদরে, সমর্শিরা করে চারু কুন্তমের হার, বিলিলা—'কি কাজ প্রিয়ে! অস্ত্রেতে তোমার विना तर्ग, अहे जार्ख, जिनित्व मः मात्र'। ''অসংখ্য অর্থবিয়ান, সৈন্য, অস্ত্র, ভরে প্রায় নিমজ্জিত কায়; বিশাল ধবল পক্ষে বন্দী করি দেব প্রভঞ্জনে দর্পে : বিক্রমে ফেণিয়া সিন্ধু : চলিল সাঁতারি যেন প্রমন্ত বারণ। চলিলাম আমি নির্ভয়ে, কেশরী যেই হরিণীরে স্থি! দিয়াছে অভয়, তবে কি ভয় জগতে? वीत-अगित्रेमी णामि, वीरतत मिन्नी, ডরিব কাহারে গ কিন্তু অবলা-মনের না জানি কি গতি। যত আখাসিয়া মন করি ভাসমান, তত ভাবী আশস্কায় হইতেছে ভারি! ততকাল রঙ্গে মম চকিট কল্পনা, হায়! অজ্ঞাতে কেমনে, চিৰ্ত্তিতেছে ভবিষ্যত। যদিও না জানি,— পরচিত্ত-অন্ধকার !—বুঝিসু তথাপি ভাবী অমঙ্গল ছায়া পড়েছে হৃদয়ে

এণ্টনির। লুকাইতে সে করাল ছায়া রমণীর কাছে নাথ, হয়েছে মগন সঙ্গীতে হুরায়।

"দ্ৰুত ভাঙ্গিল স্বপন। ভয়ঙ্কর !! একি দেখি সন্মুখে আমার ! অসীম বারিদ-পুঞ্জ, ভীম-কলেবর, পড়েছে খিসিয়া ওকি জলধি-হৃদয়ে ? থেলিছে বিহ্যুত ওকি ভীমূত-ঘৰ্ষণে १ ওকি শব্দ ভয়ঙ্কর ? জীমূত গর্জন ? সকলই ভ্ৰম! স্থি , শুকাইল মুখ; বিপক্ষ তরণী-ব্যুহ সঞ্জিত সমরে ! বিছ্যুত,—কামান-অগ্নি; ছুর্জ্জয় কামান মুহুমুহিঃ মেঘ মন্ত্রে গর্ভিছে ভীষণ ! যেই দৃশ্য—নেত্রে, কর্ণে, চিত্তে ভয়ঙ্কর।— प्तिथिल्। य जात्रियन्, विलव क्यान কামিনী-কোমল-কণ্ঠে ? শুনিবে তোমরা नाती-दिनामल-क्रम्दा ? दमरथ थाक विमि প্রতিকূল প্রভঞ্জনে প্রায়ট-অস্ত্রোদ আঘাতিতে পরস্পরে, বিলোড়ি শগন. ছিন্ন নক্ত্ৰ-মণ্ডল, বুঝিবে কেমনে

প্রতিকৃল তরীব্যুহ পশিল সংগ্রামে। মুহুর্ত্তেকে ধৃম-পুঞ্জে ঢাকিল জলধি আঁধারিয়া দশদিশ্; কিন্তু না পারিল সংহারক রণমূর্ত্তি লুকাতে আঁধারে। সেই অন্ধকারে সথি ! অঙ্গ মিশাইয়া তরীর উপরে তরী ঝাপ দিল রোযে। গৰ্জিল কামান, ঝাঁপ দিল শত সূৰ্য্য কেণিল সাগরে, তরীরুন্দ বিদারিয়া নিমজ্জিয়া জলে, নররক্তে কলক্ষিয়া ञ्नील मिल्ला। शांग्र! मथि, जूळ नतः আপনি জলধি, লেই ভীষণ নিৰ্ঘাত, তীত্র অনল-বর্ষণ, না পারি সহিতে, করিতেছে ছট্ফট্উভাল তরঙ্গে, কেণিয়া কেণিয়া; ঘন ঘন নিশাসিয়া পড়িতেছে আছাড়িয়া কূলের উপরে। তরণীর প্রতিঘাত ; কামান-গর্জন ; দহ্যকুনি তরণীর অনল-ছ্ঞার; বন্দুকর অগ্নিবৃত্তি, অস্ত্র-বনৎকার; জেঙার বিজয়ধ্বনি ; জিতের চিৎকার ;-ভীষ্ণ তরঙ্গ-ভঙ্গ, সিন্ধু-আক্ষাত্মন

ভয়ক্ষর! নিরখিয়া উড়িল পরাণ; অবলা হৃদয় ভয়ে হইল অচল। বলিলাম কর্ণধারে,—'ফিরাও তরণী, বাঁচাও পরাণ'। আজ্ঞা মাত্র সংখ্যাতীত ক্ষেপনী-ক্ষেপণে, বেগে চলিল তরণী মিশর-উদ্দেশে হায়! মন্দুরার মুখে ছুটিল তুরঙ্গ যেন। কিছুক্ষণ পরে সভয়ে ফিরায়ে আঁথি দেখিতে পশ্চাতে, দেখিলাম ভাঙ্গিয়াছে কপাল আমার! না দেখি ভরণী মম, রণে ভঙ্গ দিয়া উন্মত্তের প্রায় ওই আসিছে এণ্টনি! আকাশ ভাঙ্গিয়া হায়! পড়িল মস্তকে অকস্মাৎ! ভাবিলাম মনে, এ সময়ে নাথের দহিত যদি হয় দরশন. অমুতাপে নাহি জানি কোন অপমান করিবে আমার; হায়! কেন আদিলাম, আমি কেন মজিলাম! নাহি ডুবিশ্বাম **रकन क्रमधित छटन ? नाहि म**जिनोम দেই বিষম সংগ্রামে, নাথের সম্পূর্বে ? কেন আদিলাম আমি !—কেন মজিলাম !

''অনাহারে, অনিদ্রায়, মুমূর্বের মত অবতীর্ণা হইলাম নিশরের তীরে বহুদিনে। এই রণে গিয়াছিনু, স্থি! এণ্টনির সোহাগিনী, পৃথিবীর রাণী; আদিলাম ভিথারিণী ডুবায়ে এণ্টনি। চলিলাম গৃহমুখে, বিসর্জন করি মাথার মুকুট, ভাবী রোম-সিংহাসন, এণ্টনির প্রেম,—হায়! মৈশরী-জাবন!— ভূমধ্য-সাগরে; এই জীবনের মত বিসর্জিয়া যত আশা-আকাশ-কুস্তম, চলিলাম গৃহে;—কোন মতে, কোন পথে, নাহি ছিল জ্ঞান। নিল উড়াইয়া যেন মানদিক ঝটিকায়। প্রবেশি প্রাসাদে দেখিলাম অন্ধকার! নাহি সে মিশর রাজ্য, নাহি রাজধানী, দেখিমু কেবল,— অন্ধকার,—মরুভুমি,—সমস্ত ভূতল, হইছেত তরঙ্গিত ভীম ভূকম্পনে। সেই অন্ধকার, সেই মরুভূমি-মাঝে प्रिचित्र (कवल—भग मगाधि खवन! **চলিলাম সেই দিগে, উন্মাদিনী আমি!**

বলিলাম—তোমারে কি ? না হয় স্থারণ,
চারমিয়ন্! বলিলাম—'আসিলে এণ্টনি,
অন্তাপে ক্লিওপেটা ত্যজিল জীবন,
বলিও প্রাণেশে মম; বলিও তাঁহারে,

বালও প্রাণেশে মম; বালও তাহারে, মৈণরীর শেষ ভিক্ষা—ক্ষমিও এণ্টনি!' সমাধির দ্বারে স্থি! প্রড়িল অর্গল।

"আসিল এণ্টনি; সখি! নাথের সে মূর্ত্তি স্থারিলে এখনো মম বিদরে হৃদয়! প্রসারিত নেত্রদ্বয়, উন্মত্ত, উচ্ছল ! थ्र∗ः नन्छि (यन धवन थ्रेस्टर, নাহি রক্ত-চিহ্ন মাত্র। বিষাদ লিথেছে রেখা কপোলে, কপালে, অনুকারী যেন বার্দ্ধকের ! চিত্রেছে শুক্লে মন্তক স্থন্দর ! এত রূপান্তর স্থি ! এই কত দিনে গিয়াছে নাথের যেন কতাই বৎসর! শুনিলা স্থীর মুথে, স্তম্ভিতের মত.— 'অফুতাপে ক্লিওপেটা, ত্যজিল জীবন, নৈশরীর শেষ ভিকা, ক্ষমিও এণ্টনি 'ক্ষমিলাম' - বলি নাথ ছদয় চাপিয়া ছুই হাতে, প্রবেশিলা রাজ-হর্মে বেগে,

বিদ্যাতের গতি ৷ হেন কালে চারি দিগে উঠিল নগরে সখি। ভীম কোলাহল। ভূমধ্য-সাগর যেন তীর অতিক্রমি প্লাবিল মিশর! ত্রাদে বাতায়ন পথে **एनिथनाम, नटर** मिक्नू, रेमना मिकारतत, লুটিতেছে হতভাগ্য নগর আমার। অপূর্ব্ব সিজার-গতি! চক্ষুর নিমেষে দেরিল সমস্ত পুরী, সমাধি আমার ;---পড়িমু ব্যাধের জালে আমি কুরঙ্গিনী! কিন্তু ও কি সহচরি ? সমাধির তলে ? ওই শয্যার উপরে ?—মুমুর্ এণ্টনি! চাহিলাম ঝাঁপ দিতে শ্য্যার উপরে. তুমি ধরিলে অমনি। তুলিলাম নাথে সমাধি উপরে, হায়! সমাধি উপরে। এই ছিল লেখা স্থি! কপালে আমার, কে জানিত! প্রাণনাথ বলিলা আমারে-দেই স্বর প্রিয়দখি ! অস্ফুট তুর্বল !— মৈশরি! ভবের লীলা ফুরাইল আজি এণ্টদির; পৃথিবীতে প্রেয়সি! আমার षात नाहि थाराजन ; कृताहेल काल,

আমি যাই অন্তাচলে। এই অস্ত্র-লেখা প্রিয়ে হৃদয়ে আনার, নহে শক্ত দন্ত; হেন দাধ্য কার । নাহি এই ভূমগুলে এণ্টনি বিজয়ী,—বিনে ক্লিওপেটা,—আজি এণ্টনির করে প্রিয়ে। আহত এণ্টনি। আদিয়াছি, শেষ হুরা পাত্র করি পান তব সনে, প্রণয়িনী! লইতে বিদায়; দেও, প্রিয়তমে! যাই—বিদায় চুন্থন'। ''হুরা করিলাম পান, চুন্ধিনু চুন্থন; গুনিনু অন্ফুট স্বরে, জন্মের মতন— 'ক্লিঙ—পেটা!—প্রণ—গ্রি—নী।'

'প্রাণনাথ! আমি
ক্রিওপেট্রা অভাগিনী !'—-বলি উচ্চৈঃস্বরে,
আঁটিয়া হুদেশে সথি! ধরিকু হুদুয়ে।
দেখিলাম ক্রমে ক্রমে যুগল-নয়ন—
জ্যোতিতে যাহার রোম আছিল উজ্জ্বল;
অসম্ভ্যু সমর-ক্ষেত্রে, কিরণ যাহার
ছিল বিভাসিত যেন মধ্যাহ্ন-তপন;
থেলিত বিহাত মত সৈন্যের হুদুয়ে
উত্তেজিয়া রণরকে;—নিবিল ক্রমশঃ।

মানব-গোরব-রবি হ'লো অন্তমিত।
'প্রাণেশ্বর! প্রাণনাথ! এন্টনি আমার!'ডাকিলাম বারস্বার উন্মাদিনী-প্রায়;
'প্রাণেশ্বর! প্রাণনাথ! এন্টনি আমার!'শুনিলাম উত্তরিল সমাধি-ভবন।
প্রাণে—শ্বর!—প্রাণ!—"

আহা ! সহিল না আর ;
অবশ মস্তক-ভরে, গ্রীবা ছঃখিনীর
পড়িল ভাঙ্গিয়া, বামা পড়িল ভূতলে,
ব্যাধ-শরে বিদ্ধ যেন বন-কপোতিনী !

অতি ব্যস্ত সখিদ্বয় ধরাধরি করি,
তুলিল শয্যায় খেত প্রস্তর-পুত্তলী।
উরঃ-বাস, কটাবন্ধ, করিয়া মোচন,
শীতল তুযার-বারি, উরসে, বদনে,
বরবিল; কিন্তু নাহি পোইল চেতন
অভাগিনী! তবু নাহি মেলিল নয়ন।
সংচরীদ্বয় তুঃখে বসিয়া নিকটে
কান্দিতেছে স্থী-শোকে,—হদয় বিকল!
অক্সাৎ তীরবেগে, বসিয়া শ্যায়,—
মুষ্টিবদ্ধ করদয়, বিস্তৃত নয়ন—

তাত্র জ্যোতিঃ-পরিপূর্ণ !—চাহি শ্ন্যপানে, উন্মত্ত, বিহুত, কণ্ঠে বলিতে লাগিল।— ''পরিণয়!—পরিণয়!—ভুচ্ছ পরিণয় যদি না থাকে প্রণয় ! প্রণয়-বিহনে পরিণয় ! পরিমল-হীন পুষ্প ! মণি-হীন কণী,—আজীবন অনন্ত দংশক মধু-হীন মধু-চক্র,--মক্ষিকা-পূরিত ! **८इन প**রিণয়-বলে, ও**ই** দেখ সথি! এণ্টনির পাশে বশি, অগস্তা সিল্ভিয়া, শামায় কুলটা বলি করে উপহাস। কি কুলটা ক্লিওপেট্র।! প্রণয়ের তরে বিদর্জিয়া কুল আমি পেয়েছিমু যারে; কুল হুচ্ছ, প্রাণ দিয়া তোরা অভাগিনী না পাইয়া তারে, আজি তোরা গরবিনী, গোড়া পরিণয় ৰলে ? পরিণয় বলে জীবলোকে ভোৱা নাহি পাইলি ষাহাঁৱে, ट्रिंथिवं व्यमत्रद्यांदक, शतिगम् वदन ভারে রাথিবি কেমনে।" উন্মাদিনী হায়! ছুটিল তড়িত বেগে, সহচরীস্বয়, না পারিল প্রাণপণে রাখিতে ধরিয়া।

একটা হ্বর্ণ-কোটা খুলিল যেমতি, कृष्ट विषधत्र अक कना विखातिया, বসাইল বিষদন্ত কোমল হৃদয়ে,— क्रिय मुक्ष क्षी (यन क्रिल हुन्न) স্থীদ্বয় উল্ভৈম্বরে করিল চীৎকার, ভূতলে ঢলিয়া আহা। পড়িল মৈশরী। ''এই বেশে চার্মিয়ন়্ ভেটিয়া ছিলাম নাথে চিদনস্তীরে; এই বেশে আজি চলিলাম গ্রাণনাথে ভেটিতে আবার।" বলিতে বলিতে বিষে, কালিমা সঞ্চার, করিল অভূল রূপে; যেই রূপে হায়! সমস্ত রোমান-রাজ্য-প্রাচীনা পৃথিবী-ছিল বিমোহিত; ষেই রূপে জলে, স্থলে, হ'লো গ্রহ্মলিত কত সমর-অনল: কতই বিপ্লবে রোম হ'লো বিপ্লাবিত; निविद्य (म तान जाकि, मित्रल रेमनदी, সমর্পিয়া কালে পূর্ণ যৌবন রতন ; ष्यपृर्वेद तसनी-कीर्खि—क्रत्य, **७६१, त्मारय**!— রাখি ঔুমগুলে হায়! রাখি প্রতিবিদ্ধ অসংশ্য প্রস্তরে, পটে, কাব্যে, ইতিহাদে।

ভ্ৰমশংশোধন।

' गृहें।	পংক্তি	অণ্ড দ্ধ	94
٠٠٠٠٠ خ	ર	রজ-ভূমিনারক	রঙ্গভূমে নায়ক
à	٠٠٠ ج	বীর-ভার • •••	• খীরভবে
>₹	১৬ যুড়া	हेल প्रांग ; त्रचि ! मि	থ ! ৰুড়াইল প্ৰাণ;
16	٦	করিল বীরেশ	• कत्रिमा वीदत्रम
٠	۶¢	প্রণয়-দাতায়	. প্রণয় দাতায়
১৮ পৃথায়	৮ম প্রংক্তি	র শেষে—চিহ্ন ছইবে	
٠٠٠٠٠ هذ	39	উকিংশিক	. · · উদোযিল
એ	٠٠٠ دد	বিশ্বিল	••• বিলম্বিত
٠٠	٠	वर्ष	কৰ্ব
२२	٠ ٩٠	নিরাশ	নিরাশা
₹₫	\$8	নদীত বিহবল	. সঙ্গীত বিহৰণ
3.b	<	করিছে	করিতে
లి8	. 4	क ;इ	ভংগ
৩৬	٠٠. طډ	—্স'কি	'দেকি
\$ 2		ঝাপ	साम
, 8¢,	¢	ক্ষমিও এণ্টনি!'	'ক্ষমিও এণ্টনি ।'
\$ ¢	5b	ক্ষমিও এণ্টনি'	
86			